

তথ্যবিবরণী

নম্বর: ৬৯

পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণে বিভাগের অবস্থানকে এগিয়ে আনতে কাজ করতে হবে  
-ময়মনসিংহ বিভাগীয় কমিশনার

ময়মনসিংহ (সোমবার, ২০ নভেম্বর, ২০২৩ খ্রি.):

ময়মনসিংহ বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া বলেছেন, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের ক্ষেত্রে দেশের ৮টি বিভাগের মধ্যে ময়মনসিংহ বিভাগের অবস্থানকে এগিয়ে আনতে কাজ করতে হবে। বর্তমানে ময়মনসিংহ বিভাগ এক্ষেত্রে পিছিয়ে থাকলেও সবাইকে নিয়ে কাজ করলে দ্রুতই এ অবস্থানের উন্নতি সম্ভব। এক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তরকে কার্যক্ষেত্রে ফলপ্রসূ সিদ্ধান্তগ্রহণের মধ্যদিয়ে তা বাস্তবায়নে উদ্যোগ গ্রহণ করতে হবে। উর্ধ্বতন কর্মকর্তাদের কাজের জায়গাটি বের করে দিতে হবে। পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণে জনগণকে আরো সম্পৃক্ত করতে বিভাগীয় পর্যায়ের অফিসগুলোকে জেলা পর্যায়ে এবং জেলা পর্যায় থেকে তৃণমূল পর্যায়ে তদারকির মাধ্যমে কাজ করে যেতে হবে।

ময়মনসিংহ বিভাগীয় পরিবার পরিকল্পনা কমিটির সভায় সভাপতিত্বকালে বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া এসব কথা বলেন। ময়মনসিংহ বিভাগীয় কমিশনারের কার্যালয়ের সম্মেলনক্ষেত্রে আজ সোমবার (২০ নভেম্বর) সকালে এ সভা অনুষ্ঠিত হয়।

বিভাগীয় কমিশনার আরো বলেন, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণে জনগণকে আরো সম্পৃক্ত করতে ক্যাম্প, উঠান বৈঠকের মত কর্মসূচির আয়োজন করতে হবে। আশ্রয়ণ প্রকল্পে বসবাসকারীদের কাছেও বৈঠকের মাধ্যমে এ বিষয়ে বার্তা পৌঁছে দিতে হবে। অসহিষ্ণুতা ও অসুবিধা থাকবে, তবে সে জন্য কাজ বন্ধ করা যাবে না। পরিবার পরিকল্পনা পদ্ধতি নিয়ে অনেক গৌড়ামি কুসংস্কার আছে, সেগুলোকে মোকাবিলা করেই কাজ করতে হবে। সাধারণ মানুষকে পরিবার পরিকল্পনার বিষয়গুলো বোঝাতে হবে।

সভায় জানানো হয়, পরিবার পরিকল্পনায় অস্থায়ী তিনটি পদ্ধতির (বড়ি, কনডম ও ইনজেকশন) ব্যবহার বেশি। তবে এক্ষেত্রে স্থায়ী ও দীর্ঘমেয়াদি পদ্ধতি গ্রহণের অধিক গুরুত্ব দেয়া হয়। পদ্ধতি গ্রহণের ক্ষেত্রে সাধারণ জনগণের মধ্যে নেতিবাচক দৃষ্টিভঙ্গি কাজ করে। দীর্ঘমেয়াদি পদ্ধতি গ্রহণের ক্ষেত্রে কিছু অসুবিধা রয়েছে, কিন্তু বেশিরভাগ ক্ষেত্রেই অন্যান্য কারণে উদ্ভূত শারীরিক সমস্যার দায় এসে পড়ে পরিবার পরিকল্পনা পদ্ধতির ওপর।

সভায় অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) মোহাম্মদ আজিজুর রহমান, পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ময়মনসিংহ বিভাগের পরিচালক মীর সাজেদুর রহমান, বিভাগীয় সমাজসেবা কার্যালয়ের পরিচালক মোহাম্মদ গোলাম মোস্তফা, বিভাগীয় তথ্য অফিসের পরিচালক শেখ মোঃ শহীদুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

#

রিদওয়ান/মনির/দেওয়ান/হদা/সজিব/২০২৩/১৩:৪০ ঘন্টা